ভোরের কাগজ

JUL 11 2002

JUL 10 2002

তারিখ

পৃষ্ঠা : 2

ফরিদপুর সরকারি রাজেন্দ্র কলেজ

# ছাত্রদল কর্মীরা জোর করে তাদের কর্মীদের ছাত্রাবাসে উঠিয়ে দিচ্ছে

**ফরিদপুর প্রতিনিধি :** নিজেদের অভ্যন্তরীণ দ্বন্দ্বকে কেন্দ্র করে সংঘর্ষ এবং এর জের ধরে সরকারি রাজেন্দ্র কলেজের দুটি ছাত্রাবাস থেকে ৪০ জন ছাত্রকে বের করে তালা মেরে দেওয়ার ১০দিন পর ছাত্রদল তাদের কর্মীদের উঠিয়ে দেওয়ার চেষ্টা চালাচ্ছে বলে অভিযোগ উঠেছে। অন্যদিকে ঐ ঘটনায় ছাত্রদলের দায়ের করা মিথ্যা মামলায় গ্রেপ্তারকৃত ছাত্রলীগ নেতা গোলাম রব্বানী বেলাল জামিনে মুক্ত হওয়ায় গত সোমবার তাকে সংবর্ধনা দেওয়া হয়েছে।

জানা গেছে, গত ২৯ জুন ছাত্রদলের বিবদমান দু গ্রুপ রাজেন্দ্র কলেজের শহর শাখা সংঘর্ষে লিপ্ত হয়ে ছাত্রদল নেতা ফারুক, হোসেন আহত হয়ে ফরিদপুর জেনারেল হাসপাতালে ভর্তি হয়। সংঘর্ষ চলাকালেই ছাত্রদল ক্যাডাররা ক্যাম্পাসের দুটি ছাত্রাবাস ভাঙচুর করে মারধর করে ৪০ জন ছাত্রকে বের করে দিয়ে ছাত্রাবাস দুটিতে তালা মেরে দেয়। ছাত্রলীগের অভিযোগ, ছাত্রদলের ওপর হামলা হয়েছে এ অভিযোগে ছাত্রদল মামলা করলে পুলিশ জেলা ছাত্রলীগ নেতা ও পলিটেকনিক ইনস্টিটিউট ছাত্র সংসদের সাবেক জিএম গোলাম রব্বানী বেলাল এবং সরকারি বাণিজ্যিক কলেজ ছাত্রলীগ নেতা রিপনকে আটক করে।

জেলা ছাত্রলীগের সহ-সভাপতি
রাজেন্দ্র কলেজ শাখার সভাপতি দেব
সরকার বাবু অভিযোগ করে
ঐতিহ্যগতভাবে ছাত্রলীগ করার ক
ছাত্রবাস দুটি থেকে ছাত্রদল সন্ত্র
ছাত্রদের বের করে দেয়। বর্তমানে
ছাত্ররা শহরের বিভিন্ন স্থানে মান
জীবনযাপন করছে। অথচ ছাত্রদল ব
অধ্যক্ষকে চাপ দিয়ে এ দুটি ছাত
ছাত্রদল কর্মীদের উঠিয়ে দেওয়ার
চালাচ্ছে। কলেজ অধ্যক্ষের প্রতি
বৈধ বাসিন্দা ছাত্রদের ওঠানোর
জানানো হয়েছে বলে তিনি জ
এদিকে ক্যাম্পাসে ছাত্রলীগ করা য
এবং সবগুলো ছাত্রাবাসের ছাত্র
কর্মীদের জোর করে ছাত্রদলের
মিছিলে যোগদান করতে বাধ্য কর
বলে ছাত্রলীগ নেতৃবৃন্দ অ
করেছেন।

অন্যদিকে গ্রেপ্তারকৃত দুই
নেতাকে কলেজ শাখা ছাত্রলীগ
প্রদান করে। রাজেন্দ্র কলেজের
আমান শাখায় অনুষ্ঠিত এ সংবর্ধন
সভাপতিত্ব করেন দেবাশীষ সরকা
অন্যদের মধ্যে বক্তব্য প্রদান করে
ছাত্রলীগ সভাপতি মনিরুজ্জামান
মোনতাসির আবিদ টাবু, জামান
মিয়া, তাইফুজ্জামান উৎপল এবং
জামিল তুহিন।